



রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স

ই-১৩/ডি, আগারগাঁও

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৯ নভেম্বর ২০২৫ খ্রি.

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পে বাষ্প নির্গমন পরীক্ষা সংক্রান্ত জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পে নিয়োজিত রাশিয়ান সাধারণ ঠিকাদার JSC ASE কর্তৃক জানানো হয়েছে যে, আগামীকাল ২০/১১/২০২৫ তারিখ থেকে প্রকল্প এলাকার মেইন স্টিম পাইপলাইন ও স্টিম জেনারেটর-এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে একটি পরিকল্পিত বাষ্প নির্গমন পরীক্ষা শুরু হবে।

এই পরীক্ষার অংশ হিসেবে উচ্চচাপের বাষ্প, সুনির্দিষ্ট ভালভের মাধ্যমে বায়ুমণ্ডলে নির্গত হবে। পরীক্ষাকালীন সময়ে বাষ্প নির্গমনের ফলে বিকট শব্দ (জেট ইঞ্জিনের আওয়াজের মতো) সৃষ্টি হতে পারে, যা কিছুক্ষণ স্থায়ী হবে। এই পরীক্ষা সম্পন্ন হতে কমপক্ষে চার থেকে পাঁচ দিন প্রয়োজন।

এই উচ্চচাপের বাষ্প নির্গমন এবং তার প্রেক্ষিতে সৃষ্ট শব্দ পূর্বনির্ধারিত, স্বাভাবিক ও সম্পূর্ণ নিরাপদ। জনসাধারণের জন্য এতে কোনো ঝুঁকি বা বিপদের সম্ভাবনা নেই। এটি একটি নিয়মিত কারিগরি প্রক্রিয়া, যা পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের স্থায়িত্ব ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য পরিচালিত হয়।

ধন্যবাদান্তে,

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প।

তারিখ: ১৯/১১/২০২৫

বার্তা প্রেরক,

সৈকত আহমেদ

ফোকাল পয়েন্ট (গণ মাধ্যম)

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্প

এবং উর্ধ্বতন বৈজ্ঞানিক তথ্য কর্মকর্তা

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।